গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
**http://somc.edu.bd**

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১২৯.৩১.১২২.২৫.৬৮৮৯ তারিখ: ২৯/১২/২০২৫ খ্রি:

## বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১৩৩৪,তারিখ: ২৮/১২/২০২৫ খ্রি: মোতাবেক ২০২৫-২০২৬ খ্রি: শিক্ষাবর্ষের এমবিবিএস এবং বিডিএস কোর্সে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ইউনিট সমূহে ভর্তি প্রক্রিয়া অনিবার্য কারণবশত ৩০/১২/২০২৫ খ্রি: তারিখ থেকে ০৬/০১/২০২৬ খ্রি: তারিখে পরিবর্তে আগামী ১০/০১/২০২৬ খ্রি: তারিখ হতে ১৮/০১/২০২৬ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারণ করা হয়।

এতদপ্রেক্ষিতে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে (শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬) ১ম ফেজ এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত ছাত্র/ ছাত্রীগণকে জানানো যাইতেছে যে, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তি ০৩-০১-২০২৬খ্রি: তারিখ এর পরিবর্তে আগামী ১৩-০১-২০২৬ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকল ছাত্র/ছাত্রীর ভর্তি কার্য্যক্রম সম্পন্ন হইবে এবং সকাল ০৮.০০ ঘটিকা হইতে ভর্তি ফরম সংগ্রহ করে পূরণ পূর্বক প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। স্বাস্থ্য মন্ত্রনালয়/ স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ভর্তি কার্য্যক্রম সম্পন্ন করা হবে।

নিম্নলিখিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হইবে।

০১. **Online Application** এর রঙিন **Applicant's Copy** -০১(এক) কপি।
০২. সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের **Download** কৃত রঙিন **Admit Card** -০১(এক) কপি।
০৩. সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের **Download** কৃত **Result Sheet (Individual)** রঙিন ০১ (এক) কপি
০৪. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ।
০৫. এসএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র ।
০৬. এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল প্রশংসা পত্র ।
০৭. এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র পত্র । (সনদ প্রাপ্তি সাপেক্ষে জমা দিতে হবে)
০৮. এইচএসসি পরীক্ষার মূল রেজিষ্টেশন কার্ড ।
০৯. জন্মনিবন্ধনের ফটোকপি (মূল কপি দেখাইতে হইবে) -০১(এক) কপি।
১০. জাতীয় পরিচয় পত্র (যদি থাকে) এর ফটোকপি -০১ (এক) কপি।
১১. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক মূল সনদপত্র
১২. এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে লাগানো ফটোর অনুরুপ ০৪(চার) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত রঙিন ছবি
১৩. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে : সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের মূল সনদ
অ- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে : সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে : গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
১৪. "ও" লেভেল/ "এ" লেভেল / সমমানের পাশকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে : " ও" লেভেল এবং "এ" লেভেল / সমমানের মূল সনদপত্র ও মূল মার্কশীট। ডিজি অফিস থেকে সংগৃহীত **Equivalence Certificate** এর মূল কপি।
১৫. উপরোল্লোখিত সনদসমূহ ও কাগজপত্রের সত্যায়িত ফটোকপি ০২ (দুই) সেট।

উল্লেখ্য যে, সকল মূল সনদ পত্র সমূহ নিরীক্ষান্তে অধ্যক্ষের কার্যালয়ে জমা রাখা হইবে। নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলিয়া প্রমাণিত হইলে এবং ভর্তি ফী জমা দেওয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।

**ভর্তির শেষ তারিখ : ১৮-০১-২০২৬ খ্রিঃ।**

অধ্যাপক ডা: মোঃ জিয়াউর রহমান চৌধুরী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ
**Email: magomc@ac.dghs.gov.bd**

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১২৯.৩১.১২২.২৫.৬৮৮৯/১(৫) তারিখ: ২৯/১২/২০২৫ খ্রি:

অনুলিপি অবগতি ও বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-

০১। উপাধ্যক্ষ, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
০২। সচিব, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
০৩। কলেজ ওয়েব সাইট।
০৪। কলেজ নোটিশ বোর্ড।
০৫। অফিস নথি।

অধ্যাপক ডা: মো: জিয়াউর রহমান চৌধুরী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ